

■ শিক্ কী ও কেন?

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় পরিচ্ছেদ রচয়িতা/সঙ্কলকঃ ড. মুহাম্মদ মুয্যাম্মিল আলী

কুরআন ও রোযার শাফা'আত

যারা বেশী বেশী কুরআন তেলাওয়াত করেন এবং ফরয রোযা পালন ছাড়াও প্রতি মাসে নফল রোযা পালন করেন, হাশরের ময়দানে কুরআন ও রোযা তাদের জন্য শাফা'আত করবে। আবু উমামাঃ আলবাহিলী রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত হয়েছে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন:

তোমরা কুরআন পাঠ কর। কেননা, তা কেয়ামতের দিন এর পাঠকারীদের জন্য শাফা'আতকারী হিসেবে আগমন করবে"।[1]

অপর হাদীসে রাসূলুল্লাহ-সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-বলেন:

«إِنَّ الصِّيَامَ وَالْقُرْآنَ يَشْفَعَانِ لِلْعَبْدِ يَوْمَ الْقِيَامَةِ»

"নিশ্চয় রোযা ও কুরআন কেয়ামতের দিন বান্দার জন্য শাফা'আত করবে"।[2]

>

ফুটনোট

- [1].মুসলিম, প্রাগুক্ত; (কিতাবু সালাতিল মুসাফিরীন.., বাব:ফাজাইলু তিলাওয়াতিল কুরআন...), ১/৫৫৩।
- [2]. আহমদ, প্রাণ্ডক্ত; ২/১৭৪ i

Source — https://www.hadithbd.com/books/link/?id=12616

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন